শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
# Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.২২. ৮৩ তারিখঃ ০৩ জানুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ
১৯ পৌষ, ১৪২৮বঙ্গাব্দ

## " আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি "

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ নিম্নবর্নিত শুন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শকগনের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নামঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর

**০১॥ প্রার্থীর যোগ্যতাঃ**

| | |
|---|---|
| ১ | ওয়্যারিং পরিদর্শক হিসেবে যেকোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যুনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যেকোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যুনতম ০৫ বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২ | পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৩ | ওয়্যারিং সংক্রান্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। |
| ৪ | সর্বশেষ ০৩ (তিন) বৎসর বার্ষিক কর্মমূল্যায়নের গড়রেটিং ন্যুনতম ৩.৫০ থাকতে হবে। |
| ৫ | জনগনের সাথে কাজ করার মত বুঝানোর দক্ষতা থাকতে হবে। |
| ৬ | পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সকল শর্তসমুহ পুরণ হতে হবে। |
| ৭ | পদোন্নতির জন্য সংশ্লিষ্ট জেনারেল ম্যানেজার এর সুপারিশ থাকতে হবে। |

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক জেনারেল ম্যানেজার /সিনিয়র জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্র সহ আগামী ২৩/০১/২০২২ খ্রিঃ তারিখ রোজ-রবিবার বেলা ১১-০০ ঘটিকায় কুমিল্লা পবিস-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংশ্লিষ্ট এজিএম(মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০২। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমুল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

০৩। সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি।

০৪। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষন করা হবে।

০৬। চাকুরীতে নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিতকরন পত্রের সত্যায়িত অনুলিপি, পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণ কৃতকার্য হওয়ার প্রমান পত্রের সত্যায়িত অনুলিপি।

০৭। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা সার্ভিস কোড/নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
# Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।

ISO 9001:2015 Certified

web: www.pbs4.comilla.gov.bd. e-mail: comillapbs4@gmail.com

০৮। আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদ এবং বিগত ০৫ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) এর প্রত্যয়ণপত্র সংযুক্ত করতে হবে।

০৯। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগনের মধ্য হতে জ্যেষ্ঠ প্রার্থীকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

১০। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (কুমিল্লা জেলার লাকসাম, নাঙ্গালকোট ও মনোহরগঞ্জ উপজেলা) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

১১। সর্বশেষ ০৩ (তিন) বৎসরের মধ্যে কোনরুপ গুরুদন্ড এবং ০১(এক) বৎসরের মধ্যে কোনরুপ লঘু দন্ডে দন্ডিত; বিগত ০৫ (পাঁচ) বৎসরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত, বিগত ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত; বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১২। পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, তাদের আবেদন করার প্রয়োজন নাই।

১৩। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক এবং সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১৪। পবিস চাকুরী বিধি, পবিস নির্দেশিকা এবং বাপবিবোর্ড/ পবিস কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১৫। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। বর্ণিত শর্তাবলী ব্যতীত অন্য যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

03/01/22

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................১/২/৩/৪। (বিজ্ঞপ্তিটি আপনার পবিসের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৪। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৫। এজিএম (অর্থ/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), কুমিল্লা পবিস-৪।
০৬। এজিএম(ওএন্ডএম), জোড্ডা/নাথেরপেটুয়া সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৭। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।
০৮। অফিস কপি/মাষ্টার কপি।

03/01/22

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার